যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণ বা সিঙ্ক্রোনাস (লাইভ, ইন্টারেক্টিভ) লার্নিংয়ের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে অব্যাহতির জন্য অনুরোধ

যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে অব্যাহতির জন্য অনুরোধ

পলিসি/প্রোগ্রাম মেমোর‍্যানডাম নং 164 (Policy/Program Memorandum No. 164) এর মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় বা মিনিস্ট্রি অব এডুকেশন দূরবর্তী শিক্ষণের আবশ্যকীয় শর্তাবলী সম্পর্কে স্কুল বোর্ডসমূহকে নির্দেশ প্রদান করেছে। এই আবশ্যকীয় শর্তাবলীতে অন্তর্ভুক্ত করা হয়েছে একটি বাধ্যতামূলক প্রত্যাশা যে স্কুল বোর্ডসমূহ একটি প্রক্রিয়া তৈরী করবে যা শিক্ষার্থীগণকে দূরবর্তী শিক্ষণে অংশগ্রহণ করতে যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে অব্যাহতির সংক্রান্ত অনুরোধসমূহ করার জন্য আবেদন করার অনুমতি প্রদান করবে (নিচের টেবিলটি দেখুন)। যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে অব্যাহতির জন্য স্বতন্ত্র অনুরোধসমূহ (নিচের টেবিলটি দেখুন) অনলাইনের ফর্মটি বা ফর্মটির মুদ্রিত সংস্করণ বা হার্ড কপি নিজ-নিজ স্কুলে (home school) জমা দেওয়ার মাধ্যমে স্কুলের সুপারিনটেন্ডেন্টের (বা তাদের মনোনীত ব্যক্তির) কাছে করতে হবে। সুপারিনটেন্ডেন্টগণ (বা তাদের মনোনীত ব্যক্তি) সকল অনুরোধসমূহ পর্যালোচনা করবেন, অব্যাহতি সংক্রান্ত স্বতন্ত্র অনুরোধসমূহের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং লিখিতভাবে অব্যাহতি সংক্রান্ত সকল অনুরোধের উত্তর দেবেন। অনুমোদিত অব্যাহতিসমূহ শিক্ষার্থীগণের অন্টারিও স্টুডেন্ট রেকর্ডে (Ontario Student Record) সংরক্ষণ করা হবে। আবেদনকারীগণের পূর্বে অনুমোদিত বিদ্যমান অব্যাহতি সংক্রান্ত অনুরোধসমূহ বাড়ানোর বা মেয়াদ শেষ হওয়ার তারিখ নির্বাচন করার বিকল্প বা অপশন রয়েছে যা 2020/2021 স্কুল শিক্ষাবর্ষের শেষ হওয়া পর্যন্ত বাড়ানো যেতে পারে।

শ্রেণী অনুসারে যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণ সংক্রান্ত প্রত্যাশাসমূহ

বিভাগ	শিক্ষার্থীদের শ্রেণীর পর্যায়	যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের জন্য দৈনিক ন্যূনতম প্রয়োজনীয় সময়*
প্রাথমিক বা এলিমেন্টারি	কিন্ডারগার্টেন	180 মিনিট
	1ম শ্রেণী থেকে 3য় শ্রেণী পর্যন্ত	225 মিনিট
	4র্থ শ্রেণী থেকে 8ম শ্রেণী পর্যন্ত	225 মিনিট
মাধ্যমিক বা সেকেন্ডারি	9ম শ্রেণী থেকে 12শ শ্রেণী পর্যন্ত	প্রতি 75 মিনিটের ক্লাশ পিরিয়ডের জন্য সর্বোচ্চ 60 মিনিট** বা একটি সম্পূর্ণ কোর্সের (full course) সময়সূচির জন্য প্রতি দিন 225 মিনিট

* এটি অযুগপত (স্বতন্ত্র) শিক্ষণের সময় ছাড়া।
** যে কোনো সময়ের জন্য যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের প্রয়োজনীয় সময় যা 75 মিনিট নয় তা এই অনুপাতটিতে প্রতিফলিত করার জন্য সমন্বয় করা উচিত।

যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণ সংক্রান্ত অব্যাহতির জন্য পিতা-মাতাগণ/অভিভাবকগণের দ্বারা বা যে সকল শিক্ষার্থীর 18 বছর বা তার বেশী বয়স অথবা যে সকল শিক্ষার্থীর 16 বা 17 বছর বয়স কিন্তু পিতা-মাতার নিয়ন্ত্রণ থেকে সরিয়ে নেওয়া হয়েছে তাদের দ্বারাই অনুরোধ করতে হবে। পলিসি প্রোগ্রাম/মেমোর‍্যানডাম নং 164 এর সাথে সমন্বয় রেখে, এই ফর্মটি যে সকল শিক্ষার্থীকে টিডিএসবির (TDSB) সাথে ভার্চুয়াল শিক্ষণের বিকল্পে [উদাহরণস্বরূপ, টিডিএসবির ভার্চুয়াল স্কুল (Virtual School), মাধ্যমিকের নিজ-নিজ স্কুলে ভার্চুয়াল লার্নিং অপশন (Virtual Learning Option), লার্নিং নেটওয়ার্ক ভার্চুয়াল লার্নিং হাব (Learning Network Virtual Learning Hub) এবং মাধ্যমিক শিক্ষার্থীগণ যাদের এডাপ্টেড ইন-স্কুল ডে মডেলে (Adapted In-school Day Model) নিবন্ধন করা হয়েছে)] নিবন্ধন করা হয়েছে তাদের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। এই অব্যাহতি প্রক্রিয়াটি সেই সকল শিক্ষার্থীর জন্য উপলভ্য নয় যারা প্রকৃত (ব্যক্তিগতভাবে উপস্থিতির) প্রাথমিক স্কুল বা হোমস্কুলিং নির্বাচন করেছেন। অব্যাহতি সংক্রান্ত অনুরোধ করতে প্রত্যেক শিক্ষার্থীর জন্য অবশ্যই একটি পৃথক আবেদনপত্র দাখিল করতে হবে।

যে সকল মাধ্যমিক শিক্ষার্থীগণকে এডাপ্টেড ইন-স্কুল ডে মডেলটিতে নিবন্ধন করা হয়েছে তাদের জন্য একটি সম্পূর্ণ যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণ সংক্রান্ত অব্যাহতিটি কেবলমাত্র স্কুল দিবসের যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) অনলাইন অংশটির জন্যই প্রযোজ্য হবে। অব্যাহতিসমূহ শিক্ষাদানের এডাপ্টেড ইন-স্কুল ডে মডেলটির ব্যক্তিগতভাবে উপস্থিতি সংক্রান্ত অংশটির জন্য প্রযোজ্য হবে না। এই মডেলের শ্রেণীকক্ষে শিক্ষাদান সংক্রান্ত উপাদানে উপস্থিতি মাধ্যমিক শিক্ষার্থীগণের জন্য বাধ্যতামূলক।

শিক্ষায় অর্থপূর্ণ অধিগমনে সাহায্য করার জন্য, অব্যাহতিপ্রাপ্ত সকল শিক্ষার্থীর জন্য বিকল্প শিক্ষণ পদ্ধতিসমূহের ব্যবস্থা করা হবে। অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থীগণকে 300 মিনিট শিক্ষামূলক দিবসের সাথে সমন্বয় রেখে একটি দৈনিক সময়সূচি বা সময়নিরূপণ তালিকা প্রদান করা হবে।

অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থীগণের জন্য প্রত্যাশাসমূহ

- দৈনিক সময়সূচি: অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থীগণকে 300 মিনিট শিক্ষাদান সংক্রান্ত দিবসের সাথে সমন্বয় রেখে তাদের শিক্ষকগণ দ্বারা প্রদান করা দৈনিক সময়সূচিটি বা সময়নিরূপণ তালিকাটি অনুসরণ করতেই হবে। এটির জন্য শিক্ষার্থীগণের ব্রাইটস্পেইসের (Brightspace), গুগল ক্লাশরুমের (Google Classroom) বা লঘু পরিস্থিতিসমূহের উপর ভিত্তি করে অন্যান্য অনুমোদিত পদ্ধতির মধ্যে স্বতন্ত্রভাবে অধিগমন করার এবং শ্রেণীকক্ষের শিক্ষক দ্বারা প্রদান করা কাজ সম্পন্ন করার প্রয়োজন হবে এবং যেখানে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষা, চিকিৎসা সংক্রান্ত কারণসমূহ, ও অন্যান্য কারণসমূহ যা জ্ঞানেন্দ্রীয় সংক্রান্ত, দৃষ্টিশক্তি সংক্রান্ত, দৃশ্যমান ও অদৃশ্যমান প্রতিবন্ধীতাসমূহ, বিকাশ সংক্রান্ত কারণসমূহ, মানসিক স্বাস্থ্য, মানসিক আঘাত বা ট্রমা সংক্রান্ত, ধর্ম/ধর্মীয় বিশ্বাস, পারিবারিক অবস্থান, ইত্যাদির মধ্যেই সীমাবদ্ধ নয়। যখন শিক্ষকগণ একটি নির্দিষ্ট শিক্ষা সংক্রান্ত কর্মসূচিতে বা বা প্রোগ্রামে নিবন্ধনকৃত শিক্ষার্থীদের একই দৈনিক সময়সূচিটি বা সময়নিরূপণ তালিকাটি প্রদান

করবেন, সেই অনুসারে, অব্যাহতি নির্বাচন করা শিক্ষার্থীগণের দায়িত্ব হবে অযুগপত (স্বতন্ত্র) শিক্ষণে তাদের অংশগ্রহণ বৃদ্ধি করা।

- শিক্ষণ বিষয়ক উপকরণসমূহ: শিক্ষার্থীগণকে কর্মসূচি ভিত্তিক বা প্রোগ্রামিং বেইজড সম্পূর্ণ অন্টারিও পাঠ্যক্রম বা অন্টারিও কারিকুল্যাম প্রদান করা হবে এবং ক্লাশের জন্য শিক্ষক যে সকল প্রত্যাশাসমূহ নির্ধারণ করবেন সেগুলো তারা অনুসরণ করবেন। এই উপকরণসমূহ ব্রাইটস্পেইস লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, গুগল ক্লাশরুম বা অন্যান্য অনুমোদিত পদ্ধতি (উদাহরণস্বরূপ, টেলিফোন কথোপকথন বা কনফারেন্সসমূহ, ইমেইলসমূহ) যা স্বতন্ত্র শিক্ষার্থীর চাহিদাসমূহ এবং পরিস্থিতিসমূহের উপর ভিত্তি করেই করা হবে।
- দৈনিক উপস্থিতি: অব্যাহতিপ্রাপ্ত সকল শিক্ষার্থীগণের জন্য টিডিএসবির প্রাথমিক এবং মাধ্যমিক উপস্থিতি সংক্রান্ত কার্যপ্রণালীসমূহের সাথে সমন্বয় রেখে, শিক্ষার্থীগণের উপস্থিতি প্রাথমিক পর্যায়ে প্রতিদিন দুইবার এবং মাধ্যমিক পর্যায়ে প্রতিটি কোর্সেই গণনা করা হবে। শিক্ষার্থীগণ যাদের যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে আংশিক এবং সম্পূর্ণ অব্যাহতির অনুমতি প্রদান করা হয়েছে তাদের উপস্থিতি সংক্রান্ত কার্যপ্রণালীসমূহের আরও বিস্তারিতের জন্য নিচে দেখুন। যখন যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে সম্পূর্ণ অব্যাহতির অনুমতি প্রদান করা হয়েছে, শিক্ষকগণ তাদের পেশাগত সিদ্ধান্ত প্রয়োগ করবেন এবং শিক্ষার্থীগণ ও তাদের পিতা-মাতা(গণ)/অভিভাবক(গণের) সাথে (যেখানে প্রযোজ্য) নিরবচ্ছিন্ন যোগাযোগ বজায় রাখার জন্য কাজ করবেন।
    - আংশিক অব্যাহতিসমূহ: টিডিএসবির প্রাথমিক এবং মাধ্যমিক উপস্থিতি সংক্রান্ত কার্যপ্রণালীসমূহের সাথে সমন্বয় রেখে, শিক্ষার্থীগণের উপস্থিতি প্রাথমিক পর্যায়ে প্রতিদিন দুইবার এবং মাধ্যমিক পর্যায়ে প্রতিটি কোর্সেই গণনা করা হবে।
    - সম্পূর্ণ অব্যাহতিসমূহ: উপস্থিতি প্রতি মঙ্গলবার (সোমবার ও মঙ্গলবারের জন্য) ও প্রতি শুক্রবার (বুধবার থেকে শুক্রবার পর্যন্ত) সপ্তাহে দুইবার নথিভুক্ত করা হবে। শিক্ষার্থীগণ যাদের সম্পূর্ণ অব্যাহতি রয়েছে তাদের উপস্থিত হিসেবে চিহ্নিত করা হবে যদি তারা তাদের শিক্ষকগণের সাথে নিম্নলিখিত এক বা একাধিক পদ্ধতির মাধ্যমে যুক্ত হয়ে থাকেন: সপ্তাহে কমপক্ষে একবার তাদের কাজ জমা দেওয়া, টেলিফোনে কথোপকথনসমূহ, বা অন্যান্য যোগাযোগসমূহ যেমন ব্রাইটস্পেইস (Brightspace), গুগল ক্লাশরুম (Google Classroom), ইত্যাদি।
- মূল্যায়ন, গুনমান নির্ধারণ এবং প্রতিবেদন প্রদান: যখন গ্রোউইং সাকসেস: অ্যাসেসমেন্ট, ইভ্যালুয়েশন এন্ড রিপোর্টিং ইন অন্টারিও স্কুলস (Growing Success: Assessment, Evaluation, and Reporting in Ontario Schools) (2010)এ বর্ণিত পলিসিটি টিডিএসবির সকল শিক্ষার্থীগণ যাদের যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে অব্যাহতির জন্য অনুমতি প্রদান করা হয়েছে তাদের ওপর প্রয়োগ করা চালিয়ে যাবে, গ্রোউইং সাকসেস: দ্যা ম্যাথমেটিকস অ্যাডেনডাম গ্রেডস 1 টু 8, 2020 (Growing Success: The Mathematics Addendum, Grades 1 to 8, 2020) 1ম থেকে ৪ম শ্রেণী পর্যন্ত গণিতের বা ম্যাথের জন্য প্রাদেশিক রির্পোট কার্ড বা প্রভেন্সিয়াল রিপোর্ট কার্ড সম্পন্ন করা সম্পর্কিত নির্দেশসমূহ প্রতিস্থাপন করবে। শিক্ষকগণ প্রতিটি শিক্ষা কর্মসূচির শুরুতেই মূল্যায়ন সংক্রান্ত প্রত্যাশাসমূহ সম্পর্কে শিক্ষার্থীগণকে স্পষ্ট রূপরেখা

প্রদান করবেন। প্রয়োজনে, নন-ডিজিটাল অনুলিপিগুলো সহজলভ্য করা সহ এটি ব্রাইটস্পেইস বা গুগল ক্লাশরুমের (যেখানে প্রযোজ্য) মধ্যে একটি অ্যাসেসমেন্ট ও ইভ্যালুয়েশন সংক্রান্ত ফোল্ডারে রাখা হবে। শিক্ষকগণ সকল শিক্ষার্থীকে, ইংলিশ এন্ড ফ্রেঞ্চ এজ এ্যা সেকেন্ড ল্যাঙ্গুয়েজ লার্নার্স এবং বিশেষ শিক্ষা সংক্রান্ত চাহিদাসম্পন্ন শিশুদের যাদের ইনডিভিজ্যুয়াল এডুকেশন প্ল্যান (আইপি - IEP) রয়েছে তাদের সহ, পৃথকীকৃত সহায়তা প্রদান করা চালিয়ে যাবেন। শিক্ষার্থীগণ যে সকল শিক্ষা বা কোর্সসমূহ সংক্রান্ত কর্মসূচি তাদের নিবন্ধিত করা হয়েছে সেগুলো সফলভাবে সম্পন্ন করার জন্য ব্রাইটস্পেইসের বা গুগল ক্লাশরুমের মধ্যে প্রয়োজনীয় কাজসমূহ বা অ্যাসাইনমেন্ট এবং মূল্যায়নসমূহ সম্পন্ন করবেন এবং জমা দেবেন।

যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণ সংক্রান্ত অব্যাহতির জন্য অনুরোধসমূহ

অব্যাহতিসমূহের মাধ্যমে শিক্ষার্থীগণের সমন্বয়সাধন করার লক্ষ্যটি হচ্ছে স্কুলের কমিউনিটিসমূহের বিভিন্ন প্রয়োজনসমূহ সম্পর্কে আলোচনা এবং টিডিএসবির কর্মচারীগণ, শিক্ষার্থীগণ ও পরিবারগণের সামগ্রিক মানসিক স্বাস্থ্য এবং কল্যাণে আরো সাহায্য করার জন্য নমনীয়তা প্রদান করা। যেহেতু যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণ সংক্রান্ত অব্যাহতিসমূহ স্বতন্ত্র শিক্ষার্থীদের একটু নমনীয়তা প্রদান করে, তাদের অযুগপত (স্বতন্ত্র) মিনিটের সংখ্যাটি বৃদ্ধি করারও প্রয়োজন যাতে অব্যাহতিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী প্রতিদিন অংশগ্রহণ করবেন। শিক্ষকগণের পেশাগত সিদ্ধান্তের সাথে সমন্বয় রেখে, এটি প্রাক-ধারনকৃত বা প্রি-রেকর্ডেড ভিডিও পাঠসমূহ পর্যবেক্ষণ করা, নির্ধারিত কাজসমূহ সম্পন্ন করা বা অনলাইনের আলোচনা বোর্ডসমূহে অবদান রাখাকে অন্তর্ভুক্ত করতে পারে। কিছু কিছু ক্ষেত্রে, অযুগপত (স্বতন্ত্র) শিক্ষণের সুবিধাসমূহে অধিগমন ইমেইলসমূহ বা টেলিফোন কলসমূহের মাধ্যমে প্রদান করা হতে পারে।

এটি নিশ্চিত করা যে শিক্ষার্থী শ্রেণীকক্ষের শিক্ষকের সাথে যেন যোগাযোগ করা বজায় রাখেন এবং যেভাবে নির্ধারণ করা হয়েছে সেইভাবে শিক্ষামূলক ও মূল্যায়ন সংক্রান্ত কাজসমূহ সম্পন্ন করা এবং জমা দেওয়া যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণ সংক্রান্ত অব্যাহতির একটি অপরিহার্য উপাদান। এডুকেশন অ্যাক্ট এর অধীনে বাধ্যতামূলক স্কুল বয়সী শিক্ষার্থীগণের জন্য উপস্থিতি আবশ্যক। শিক্ষার্থীগণের সাফল্যের সর্বাধিক সুযোগসমূহ কার্যকরী করার জন্য, শিক্ষার্থীগণের অনুপস্থিতিসমূহ এডুকেশন অ্যাক্ট এবং মিনিস্ট্রি অব এডুকেশনের পলিসিসমূহের সাথে সম্পর্কিত যা পলিসি P085 – স্টুডেন্ট অ্যাটেন্ডেন্স এন্ড সেইফ অ্যারাইভাল (Policy P085 - Student Attendance and Safe Arrival) এ টিডিএসবি দ্বারা ও মিনিস্ট্রি অব এডুকেশন এনরোলমেন্ট রেজিস্টার ইনস্ট্রাকশনস ফর এলিমেন্টারী এন্ড সেকেন্ডারী স্কুলস (Enrolment Register Instructions for Elementary and Secondary Schools) নথিপত্রের দ্বারা বর্ণনা করা হয়েছে তার সাথে সমন্বয় রেখেই আলোচনা করা হবে। এই কারণেই, কোনো সহায়ক নথি ছাড়া পরপর 15 স্কুল দিবস কোনও শিক্ষার্থী অনুপস্থিত হলে উপস্থিতি সংক্রান্ত নিবন্ধন বই বা অ্যাটেন্ডেন্স রেজিস্টার থেকে তার নাম বাদ দেওয়ার মত পরিণাম ঘটতে পারে।

বাধ্যতামূলক উপস্থিতি পূরণ করতে ব্যর্থ হলে, কর্ম সম্পাদন এবং মূল্যায়ন সংক্রান্ত প্রত্যাশাসমূহ যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে অব্যাহতিটি সহকারেই অসঙ্গতিপূর্ণ এবং এটির পরিবর্তে তা হোমস্কুলিংয়ের সাথে সম্পর্কিত উদ্দেশ্যের সাথে জোট বাঁধবে যা টিডিএসবি হোমস্কুলিং

পলিসি (TDSB Homeschooling Policy) এ বর্ণনা করা হয়েছে। পিতা-মাতা/অভিভাবকগণ যারা শিশুকে হোমস্কুল করানোর জন্য ইচ্ছুক তাদের হোম স্কুলের জন্য স্কুল সুপারিনটেনডেন্ট এর কাছে একটি নোটিস অব ইনটেন্ট টু হোম স্কুল (ফর্ম 553A) [Notice of Intent to Home School (Form 553A)] অবশ্যই জমা দিতে হবে।

সম্পূর্ণভাবে অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থীগণ এবং শিক্ষণ বিষয়ক উপকরণসমূহের অধিগমন

সকল শিক্ষার্থী যাদের যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে আংশিক বা সম্পূর্ণ অব্যাহতির অনুমতি প্রদান করা হয়েছে তাদের ব্রাইটস্পেইসের বা গুগল ক্লাশরুমের মধ্যে তাদের যে শ্রেণী/কোর্সসমূহের জন্য নিবন্ধন করা হয়েছে সেগুলোতেই তাদের জন্য শিক্ষাদান ও মূল্যায়ন সংক্রান্ত উপকরণসমূহে অধিগমনের ন্যায্যতা প্রদান করা চালিয়ে যাওয়া হবে। শিক্ষণ বিষয়ক কর্মকাণ্ডসমূহ এবং অযুগপত (স্বতন্ত্র) শিক্ষণের সুবিধাসমূহ মূল্যায়ন ও গুনমান নির্ধারণের উদ্দেশ্যে শিক্ষকের কাছে জমা দেয়ার জন্য অনলাইনে পোস্ট করা হবে। শিক্ষার্থীগণের তাদের শিক্ষা সংক্রান্ত কর্মসূচির আবশ্যকীয় শর্তাবলী পূরণে সহায়তা করার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। সকল শিক্ষার্থী যাদের যুগপত (সরাসরি, মিথস্ক্রিয়) শিক্ষণের ন্যূনতম আবশ্যকীয় শর্তাবলী থেকে অব্যাহতির অনুমতি প্রদান করা হয়েছে তারা তাদের শিক্ষকগণের সাথে যোগাযোগ করা বজায় রাখতে এবং যেভাবে নির্ধারণ করা হয়েছে সেইভাবে কাজসমূহ ও মূল্যায়নসমূহ ফেরত প্রদান করতে তাদের শিক্ষকগণের সাথে বন্দোবস্ত করার জন্য দায়বদ্ধ থাকবেন।

আবেদনপত্রের শেষ সময়সীমা

প্রতিটি প্রতিবেদন প্রদানের মেয়াদ শুরু হওয়ার এক সপ্তাহ পরেই অব্যাহতি সংক্রান্ত অনুরোধসমূহ নিম্নলিখিত তারিখসমূহে বিকাল 4টার মধ্যে অবশ্যই জমা দিতে হবে:

প্রাথমিকের জন্য আবেদনপত্রের শেষ সময়সীমা: 20 অক্টোবর, 30 নভেম্বর, এবং 23 ফেব্রুয়ারি।

মাধ্যমিকের জন্য আবেদনপত্রের শেষ সময়সীমা: 20 অক্টোবর, 30 নভেম্বর, 15 ফেব্রুয়ারি, এবং 30 এপ্রিল।

নবায়নসমূহ বা রিনিউওয়ালস/সম্প্রসারণসমূহ বা এক্সটেনশনস: যদি আপনার পূর্বের অনুমোদিত অব্যাহতিসমূহের মেয়াদ শেষ হয়ে যায় বা এটির মেয়াদ শেষ হওয়ার তারিখটি কাছাকাছি চলে আসছে, অনুগ্রহ করে উপরে প্রদানকৃত একই অনলাইন ফর্মের লিংকটির মাধ্যমে যত দ্রুত সম্ভব একটি নতুন অব্যাহতি সংক্রান্ত অনুরোধ দাখিল করুন।